গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১৬- ৫৮৬

তারিখঃ ০৪.০৮.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ডাঃ শাহ মোঃ ফয়সাল এসকান্দার (১০৯৭০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর কার্যালয়ে ন্যস্তকৃত এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ শাহ মোঃ ফয়সাল এসকান্দার (১০৯৭০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৫.০৫.২০১২খ্রিঃ তারিখ হতে ০১.০৫.২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উপরিল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরন' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

০৩/০৮/২০১৬
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ শাহ মোঃ ফয়সাল এসকান্দার (১০৯৭০২)
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
(স্থায়ী ঠিকানাঃ-পিতা-শাহ মোঃ এসকান্দর, শাহমহল, ৪৪৯/সি, খিলগাঁও, ঢাকা-১২১৯)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১৬- ৫৮৮/১(৫)

তারিখঃ ০৪.০৮.২০১৬খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

০৪/০৮/২০১৬

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

ডাঃ শাহ মোঃ ফয়সাল এসকান্দার (১০৯৭০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৫.০৫.২০১২খ্রিঃ তারিখ হতে ০১.০৫.২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

০৩/০৫/২০২২

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৮.২০১২- ৫৭২ তারিখঃ ৪ .০৮.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ অনিমেশ মজুমদার (৩২১৬৫), সহযোগী অধ্যাপক, চর্ম ও যৌন বিভাগ, রংপুর মেডিকেল কলেজ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে ১৯.০১.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৮.২০১৫-৩৮নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২১.০৬.২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ অনিমেশ মজুমদার (৩২১৬৫) রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের জন্য "ইকুইপমেন্ট এন্ড আদারস ইনস্টুমেন্ট" ক্রয়ের লক্ষে গঠিত বাজার দর যাচাই কমিটির একজন সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে গত ০৯.০৮.২০১২ তারিখ এবং ১১.০৮.২০১২ তারিখে অনুষ্ঠিত বাজার দর যাচাই কমিটি সভায় অংশ গ্রহণ করেন। বাজার দর যাচাই কমিটিকে দরপত্রে উল্লিখিত ইকুয়েপমেন্ট গুলোর বর্তমান বাজার দর যাচাই করার জন্য পর্যাপ্ত সময় বরাদ্দ করা হয়নি এবং লিখিত অনুরোধ সত্ত্বেও রংপুর জেলার বাহিরে ঢাকায় গিয়ে বাজার দর যাচাই করার পর্যাপ্ত সময় দেয়া হয়নি। এছাড়াও গঠিত কমিটির সুপারিশ মোতাবেক কমিটিতে আরো ০৩জন সদস্য অন্তর্ভুক্ত করতে প্রাক্তন অধ্যক্ষ রাজি হননি। সার্বিকভাবে ডেন্টাল চেয়ার ক্রয়ের নিমিত্ত বাজার দর যাচাই কমিটির সদস্য হিসেবে সঠিকভাবে দায়িত্ব পালন না করে কর্তব্য কাজে অবহেলা করার কারণে উচ্চমূল্যে ডেন্টাল চেয়ার ক্রয়ে সরকারের আর্থিক অনিয়মে সহায়তা করার তাঁর কোন সুযোগ ছিল না মর্মে প্রতীয়মান হল;

এক্ষণে, সেহেতু, ডাঃ অনিমেশ মজুমদার (৩২১৬৫), সহযোগী অধ্যাপক, চর্ম ও যৌন বিভাগ, রংপুর মেডিকেল কলেজ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক তাঁকে সতর্ক করা হল এবং ভবিষ্যতে আর্থিক নিয়মকানুন ও বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৮.২০১২- ৫৭২/১(৯) তারিখঃ ০৪.০৮.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। অধ্যক্ষ, রংপুর মেডিকেল কলেজ, রংপুর।
৫। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। ডাঃ অনিমেশ মজুমদার (৩২১৬৫), সহযোগী অধ্যাপক, চর্ম ও যৌন বিভাগ, রংপুর মেডিকেল কলেজ, রংপুর।

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৯.২০১৫- ৫৭৬ তারিখঃ ০৭ .০৮.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ বিধু ভূষণ দাস (৩২৬৪৪), অধ্যাপক (চঃদাঃ), মেডিসিন বিভাগ, রংপুর মেডিকেল কলেজ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে ১৯.০১.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৮.২০১৫-৩৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২১.০৬.২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ বিধু ভূষণ দাস (৩২৬৪৪), অধ্যাপক (চঃদাঃ) রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের জন্য "ইকুইপমেন্ট এন্ড আদারস ইনস্টুমেন্ট" ক্রয়ের লক্ষে গঠিত বাজার দর যাচাই কমিটির একজন সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে গত ০৯.০৮.২০১২ তারিখ এবং ১১.০৮.২০১২ তারিখে অনুষ্ঠিত বাজার দর যাচাই কমিটি সভায় অংশ গ্রহণ করেন। বাজার দর যাচাই কমিটিকে দরপত্রে উল্লিখিত ইকুয়েপমেন্ট গুলোর বর্তমান বাজার দর যাচাই করার জন্য পর্যাপ্ত সময় বরাদ্দ করা হয়নি এবং লিখিত অনুরোধ সত্ত্বেও রংপুর জেলার বাহিরে ঢাকায় গিয়ে বাজার দর যাচাই করার পর্যাপ্ত সময় দেয়া হয়নি। এছাড়াও গঠিত কমিটির সুপারিশ মোতাবেক কমিটিতে আরো ০৩জন সদস্য অন্তর্ভূক্ত করতে প্রাক্তন অধ্যক্ষ রাজি হননি। সার্বিকভাবে ডেন্টাল চেয়ার ক্রয়ের নিমিত্ত বাজার দর যাচাই কমিটির সভাপতি হিসেবে সঠিকভাবে দায়িত্ব পালন না করে কর্তব্য কাজে অবহেলা করার কারণে উচ্চমূল্যে ডেন্টাল চেয়ার ক্রয়ে সরকারের আর্থিক অনিয়মে সহায়তা করার তাঁর কোন সুযোগ ছিল না মর্মে প্রতীয়মান হল;

এক্ষণে, সেহেতু, ডাঃ বিধু ভূষণ দাস (৩২৬৪৪), অধ্যাপক (চঃদাঃ), মেডিসিন বিভাগ, রংপুর মেডিকেল কলেজ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক তাঁকে সতর্ক করা হল এবং ভবিষ্যতে আর্থিক নিয়মকানুন ও বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৯.২০১৫- ৫৭৬/১(৯) তারিখঃ ০৭ .০৮.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (এফএমএইউ),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। অধ্যক্ষ, রংপুর মেডিকেল কলেজ, রংপুর।
৫। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। ডাঃ বিধু ভূষণ দাস (৩২৬৪৪), অধ্যাপক (চঃদাঃ), মেডিসিন বিভাগ, রংপুর মেডিকেল কলেজ, রংপুর।

০৭/০৮/২০১৬

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-2015-16)\Order (NI)\Realease from Charge.doc